# রাসেল গার্মেন্টস

RG/GEN/09/029

৫৬/১, এস.এম মালেহ রোড, নারায়ণগঞ্জ

## পরিবেশ নীতিমালা

(Environmental Policy)

## ১. পলিসি

উদ্দেশ্য ঃ রাসেল গার্মেন্টস উৎপাদন প্রক্রিয়া পরিবেশ বান্ধব উপায়ে সম্পন্ন করার জন্য একটি সুস্থ, সুন্দর ও দূষণমুক্ত এবং টেকসই প্রযুক্তিগত কর্মপরিবেশ প্রদানের উদ্দেশ্যে পরিবেশ নীতিমালা প্রণয়ন করেছে।

লক্ষ্য ঃ কর্মপরিবেশ উন্নতিকরন, দূষণ হ্রাসকরন, শক্তি ও সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে অপচয় কমিয়ে আনা।

অঙ্গীকার ঃ রাসেল গার্মেন্টস সকল প্রকার পরিবেশ বান্ধব কার্যাবলী সম্পাদন ও টেকসই উন্নয়নে অঙ্গীকারবদ্ধ।

আইনের তথ্য-নির্দেশ ঃ বাংলাদেশ পরিবেশ আইন-১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা-১৯৯৭, এসিড নিয়ন্ত্রণ আইন-২০০২, বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ধারা-৫১-৬০, ৬২-৯৪ নং ধারা, ও সংশ্লিষ্ট পরিবেশ আইন মোতাবেক।

মানদন্ডঃ রাসেল গার্মেন্টস এর আচরণ বিধি, আমফরি বিএসসিআই আচরণ সংহিতা /amfori BSCI, আমফরি বিইপিআই অনুযায়ী।

## ২.০ কার্যাবলী ঃ কারখানার পরিবেশ সুন্দর রাখার জন্য নিম্ন লিখিত বিষয় পর্যবেক্ষণ করা হয়

### পরিবেশ ব্যবস্থাপনা ঃ

- ISO-14001 অনুসারে পরিবেশ বান্ধব সকল কার্যাবলী সম্পাদন করা হয় ।
- পরিবেশ সংশ্লিষ্ট সকল আইন ও নীতিমালার সঠিক বাস্তবায়ন করা ।
- সম্পদের সঠিক ব্যবহারে দীর্ঘ মেয়াদী পরিবেশগত কৌশল ও পরিকল্পনা গ্রহন করা।
- কারখানার প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের পরিবেশ সম্পর্কে সচেতন করে তোলা ।
- জাতীয় ও আন্তর্জাতিক পরিবেশগত নন-কমপ্লায়েন্ট বিষয়ের দ্রুততর সমাধান করা ।

| উপরোক্ত নীতিমালা দেশের প্রচলিত আইন/ কোম্পানী আইন/ স্থানীয় আইন/ আন্তর্জাতিক আইন/ অনুসারে পরিচালিত হবে এবং এর কোন সংশোধন/ পরিমার্জন/ পরিবর্ধন হলে তা এর আওতাভুক্ত হবে ও পূর্বের বিষয়টি সংশোধিত হবে। | |
|---|---|
| অনুমোদন কারী ঃ বিকাশ চন্দ্র সাহা-পরিচালক | নীতিমালা কার্যকরের তারিখ ঃ ০১/০৩/২০১৫ |
| পুনঃমূল্যায়ন ঃ বছরে একবার (প্রয়োজনে যে কোন সময়) | প্রস্তুতকারী ঃ ই সি আর |
| সংস্করণ নং ঃ ৬ তম | সর্বশেষ পুনঃমূল্যায়ণ ঃ ২২/১২/২০২৪ |

## পরিবেশ নীতিমালা

| প্রস্তুত কারী<br>ই সি আর | অনুমোদন কারী<br>পরিচালক<br>ওসমান গ্রুপ |
|---|---|

## শক্তির ব্যবহার ও কার্বন নির্গমন হ্রাসকরন ঃ

- ডিজেল, ইলেকট্রিসিটি ইত্যাদির সঠিক ব্যবহারের মাধ্যমে গ্রীন হাউজ গ্যাস নির্গমন কমানো।
- টেকসই প্রযুক্তি নির্ভর এনার্জি সেভিং মেশিন, বৈদ্যুতিক বাল্ব ও সরঞ্জাম ব্যবহার করা।
- শক্তির টেকসই ব্যবহার নিশ্চিত করতে পুনঃ ব্যাবহারযোগ্য শক্তি ব্যাবহার করা, (সোলার প্যানেল)।
- এনার্জির ব্যবহার কমাতে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহন।

## পানির সঠিক ব্যবহার ও হ্রাসকরন ঃ

- পানির যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য ওয়াটার ফ্লো মিটার হতে উত্তোলিত পানির যথাযথ রেকর্ড সংরক্ষণ করে কার্যকরী পদক্ষেপ নেওয়া ।
- প্রয়োজনীয় পানি ব্যবহারের লক্ষ্যমাত্রা নির্ধারনের মাধ্যমে পানি ব্যবহার কমানো হয়।
- শ্রমিক/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির জন্য সচেতনতামূলক পোস্টার/লিফলেট লাগানো ও প্রশিক্ষণের ব্যবস্থা করা।

## কেমিক্যালের ব্যবহার ঃ

- কেমিক্যালের সঠিক প্রয়োগ নিশ্চিতকরনের মাধ্যমে কেমিক্যাল দূষণ হ্রাস করা, শ্রমিকের স্বাস্থ্যগত নিরাপত্তা প্রদান করা।
- কেমিক্যাল ক্রয় এর ক্ষেত্রে ফ্যাক্টরীর 'কেমিক্যাল ক্রয় নীতিমালা' মেনে চলা।
- রাসায়নিক দ্রব্য ক্রয়ের সময় যথাযথ কার্যপদ্ধতি অনুসরন করা
- বিভিন্ন বায়ারের RSL ও MRSL যথাযথভাবে মেনে চলা।
- কেমিক্যাল নিরাপদ জায়গায় সংরক্ষণ করা, যেন সূর্যালোক, বৃষ্টি ও আগুন দ্বারা প্রভাবিত না হয়।
- কেমিক্যালের ক্ষতি বর্জন করতে নিয়মিত কেমিক্যাল ইনভেন্টরী লিস্ট হালনাগাদ করা, কেমিক্যাল স্টোরেজ রুমে ফার্স্ট-ইন- ফাস্ট-আউট পদ্ধতি সঠিকভাবে প্রয়োগ করা।
- কারখানার সকল কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিক কেমিক্যালের ক্ষতি সম্পর্কে জানতে পারে সে জন্য প্রত্যেক কেমিক্যালের লেবেলিং ও নিরাপত্তা তথ্য বিবরণী অর্থাৎ এস.ডি.এস বাংলায় স্টোরে এবং কর্মস্থলে প্রদর্শন করার ব্যবস্থা করা হয়।
- শ্রমিকদের বিভিন্ন ক্ষতিকারক দিক থেকে রক্ষার উদ্দেশ্যে যথাযথ প্রশিক্ষণ ও পি.পি.ই ব্যবহার করার উপর গুরুত্ব আরোপ করা।
- কেমিক্যাল ক্রয় করার ক্ষেত্রে তুলনামূলক পরিবেশের জন্য কম ক্ষতিকর কেমিক্যাল ক্রয়ের ব্যবস্থা করা হয়।

## বর্জ্য ব্যবস্থাপনা ঃ

- কারখানার পরিবেশ স্বাস্থ্যসম্মত রাখতে বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে পরিবেশ দূষণ রোধ করা।
- বর্জ্য সমূহকে তাদের ক্ষতির ধরন ও প্রকারভেদ অনুযায়ী নির্দিষ্ট সংগ্রহকারীর মাধ্যমে ওয়েস্টেজ কর্ণারে ভিন্ন ভিন্ন স্টোরে জমা করা।
- চুক্তি অনুযায়ী রিইউস এবং রিসাইক্লিং এর জন্য দ্বিতীয় পক্ষের নিকট পরিবেশবান্ধব উপায়ে হস্তান্তর করে পরিবেশ সুরক্ষিত রাখা।
- বর্জ্যের পরিমাণ হ্রাস করার জন্য বাৎসরিক লক্ষ্যমাত্রা এবং কলাকৌশল নির্ধারন করা হয়।
- বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে সকল কর্মকর্তা ও শ্রমিককে সচেতন করা হয়।

## বায়ু দূষণ ঃ

- বায়ুদূষণ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা যেমন ডাস্ট সাকার, একজাস্ট ফ্যান ইত্যাদি সংযোজন ও নিয়মিত পরিচর্যা করা হয়।

# পরিবেশ নীতিমালা

| | |
|---|---|
| **প্রস্তুত কারী**<br>**ই সি আর** | **অনুমোদন কারী**<br>**পরিচালক**<br>**ওসমান গ্রুপ** |


- বায়ু দুষন প্রতিরোধে পুনঃব্যবহারযোগ্য উৎস থেকে শক্তি উৎপাদন করা।
- দূষণ সৃষ্টিকারী উৎসসমূহকে চিহ্নিত করে আলাদা করনের ব্যবস্থা করা।
- বিনামূল্যে রেসপিরেটরী প্রোটেকশন এর ব্যবস্থা করা।

### শব্দদূষণ ঃ

- মেশিনের ঘূর্ণায়মান অংশে পিচ্ছিলকারী পদার্থ নিয়মিত দেয়া ও যেকোন জরুরী মুহূর্তে তৎক্ষনাত মেরামতের ব্যবস্থা করে শব্দদূষণের ক্ষতি কমানো হয়।
- নির্দিষ্ট সময় পর শব্দ মানমাত্রা পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা
- যে সকল মেশিন চালানোর সময় কারখানায় গ্রহণযোগ্য মাত্রার (৭৫ ডেসিবেল) চেয়ে বেশী শব্দ সৃষ্টি করে, সে সকল মেশিনের অপারেটরদের বিনামূল্যে ইয়ার প্লাগ প্রদান ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়।
- উন্নত প্রযুক্তির তুলনামূলক কম শব্দদূষণের মেশিন ব্যবহার ও ক্রয় করা হচ্ছে।

এই নীতিমালা বাস্তবায়ন করার লক্ষ্যে নিযুক্ত সকল ব্যক্তির যোগ্যতা সাপেক্ষে স্ব-স্ব পদে নিয়োজিত করা হয় এবং এর লক্ষ্য ও উদ্দেশ্য পূর্নাঙ্গভাবে সফল করার জন্য কমিটিতে প্রাপ্ত দায়িত্ব পালনের জন্য তাদের কাজের স্বাধীনতা প্রদান করা হয়।

## ২.১ কার্য-প্রনালী (Organogram)




## ২.কার্য-প্রণালী ও দায়িত্বশীল ব্যক্তি (Organogram /Responsible)

## ২.২ দায়িত্বশীল ব্যক্তি (Responsible)

১. **পরিচালক ঃ** পরিবেশ বিষয়ে অসামঞ্জস্য হলে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন ও সংশ্লিষ্ট বিভাগে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন ।

২. **জি.এম ঃ** কারখানার পানি, শক্তি, কেমিক্যালের ব্যবহার এবং সংশ্লিষ্ট সকল বিষয় তদারকি করবেন ।

৩. **সহ মহাব্যবস্থাপক (এইচ আর এন্ড কমপ্লায়েন্স)ঃ** সার্বিক পরিবেশগত বিষয়াদির সমন্বয় সাধন করবেন ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন ।

৪. **ই সি আর/পরিবেশ ব্যবস্থাপনা প্রতিনিধিঃ** কোম্পানীর নীতিমালা, জাতীয় আইন ও বায়ার নীতি অনুসারে সার্বিক পরিবেশগত বিষয়াদির সমন্বয় ও বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৫. **(ইউটিলিটি)ঃ** এনার্জি ও ওয়াটার সিস্টেম এর সার্বিক দিক পর্যবেক্ষণ ও টেকসই ব্যবহারে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৬. **অফিসার (কেমিক্যাল স্টোর ) ঃ** সঠিকভাবে কেমিক্যাল সংরক্ষণ ও স্থানান্তর নিশ্চিত করণে প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন ও ব্যাক্তিগত নিরাপত্তা মূলক সামগ্রী সরবরাহ করবেন।

## ৩.রুটিন ও পদ্ধতি (Routine & Procedure)

### ৩.১ কাজের রুটিন (Implementation Routine)

| কাজের রুটিন | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | কাজের পদ্ধতি | কখন |
|---|---|---|---|
| শক্তি ( বিদ্যুৎ, জেনারেটর,বয়লার) | অপারেটর/ইঞ্জিনিয়ার (ইউটিলিটি বিভাগ) | গ্যাস, বিদ্যুৎ সঠিকভাবে সংযোগ দিয়ে জেনারেটর,বয়লার পরিচালনা করে কারখানার উৎপাদনের বিদ্যুৎ, স্ট্রিম সরবরাহ করা | প্রতিদিনের সূচী অনুযায়ী |
| এনার্জি ব্যবস্থাপনা ও সেভিং | ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার/মেইন্টেনান্স ইঞ্জিনিয়ার | যেকোন বৈদ্যুতিক সরঞ্জামাদি প্রতিস্থাপন, ত্রুটি সারানো, স্টীম বহনকারী লাইনের পর্যাপ্ত ইনসুলেসন, সংকুচিত বায়ুর লিক কমানো, বিদ্যুত সাশ্রয়ী লাইটের ব্যবহার বাড়ানো। | প্রয়োজন অনুসারে |
| বর্জ্য ব্যবস্থাপনা | ইসিআর | পরিবেশ বান্ধব উপায়ে বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় কার্য সম্পাদন করা | প্রয়োজন অনুসারে যেকোন সময় |
| কেমিক্যাল | ইসিআর | কেমিক্যাল এর ক্রয় পদ্ধতি অনুসরণ, রক্ষণাবেক্ষণ সহ কেমিক্যাল সম্পর্কীত যাবতীয় কার্যাবলী পর্যবেক্ষণ করবেন ও প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন । | প্রয়োজন অনুসারে যেকোন সময় |
| পরিবেশ ব্যবস্থাপনা | ইসিআর | পরিবেশ সম্পর্কিত যাবতীয় কার্যাবলী সম্পন্ন করবেন ও পরিবেশ বান্ধব উপায়ে সকল কাজ সম্পন্ন করবেন । | প্রয়োজন অনুসারে যেকোন সময় |
| স্বাস্থ্য নিরাপত্তা | মেডিক্যাল অফিসার/ডাক্তার/ নার্স | প্রয়োজন অনুসারে কোম্পানীতে কর্মরত সকলে স্বাস্থ্য সম্পর্কীয় সেবা প্রদান করা, সম্ভাব্য মায়েদের পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সেবা প্রদান ও প্রয়োজনে অসুস্থ্য কালীন ছুটির ব্যবস্থা করা , প্রাথমিক চিকিৎসা বক্সে প্রয়োজনীয় সামগ্রী প্রদান, প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ সহ যাবতীয় স্বাস্থ্য সম্পর্কীয় প্রশিক্ষণ প্রদান করবেন। | প্রয়োজন অনুসারে যেকোন সময় ও মাসিক প্রশিক্ষণ সূচী অনুযায়ী |
| নীতিমালা প্রদর্শন | ইসিআর/ কমপ্লায়েন্স অফিসার | পরিবেশ বিষয়ে সকল নীতিমালা নোটিশ বোর্ডসহ কর্মস্থলের বিভিন্ন স্থানে প্রদর্শন করা হয়েছে। | সর্বদা |
| প্রশিক্ষণ | ইসিআর/ ডাক্তার/ কমপ্লায়েন্স অফিসার | কাজের ঝুঁকি সমূহ চিহ্নিত করণ, ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করণ ও নিরাপত্তামূলক সামগ্রী ব্যবহার বিধি, স্বাস্থ্য সম্পর্কিত বিষয়াদি, পরিবেশগত বিষয় সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে অবগত করা হয়। | প্রয়োজন অনুসারে যেকোন সময় ও মাসিক প্রশিক্ষণ সূচী অনুযায়ী |
| মধ্য-পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ | এজিএম (এইচ.আর এন্ড কমপ্লায়েন্স)/ কমপ্লায়েন্স অফিসার/ ইসিআর/ ডাক্তার | ফ্লোরের মধ্য-পর্যায়ের কর্মকর্তাদের সার্বিক পরিবেশ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় । | মাসিক প্রশিক্ষণ সূচী অনুযায়ী |

## পরিবেশ নীতিমালা

**প্রস্তুত কারী**
**ই সি আর**

**অনুমোদন কারী**
**পরিচালক**
**ওসমান গ্রুপ**

| | | | |
|---|---|---|---|
| নীতিমালা প্রদর্শন | ইসিআর/ কমপ্লায়েন্স অফিসার | পরিবেশ বিষয়ে সকল নীতিমালা নোটিশ বোর্ডসহ কর্মস্থলের বিভিন্ন স্থানে প্রদর্শন করা হয়েছে। | সর্বদা |
| শ্রমিক সাক্ষাৎকার | ইসিআর/ কমপ্লায়েন্স অফিসার | ফ্লোর পরিদর্শনের মাধ্যমে শ্রমিকদের ঝুঁকি ও ব্যক্তিগত নিরাপত্তার বিষয়ে কোন মতামত থাকলে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয় | ফ্লোর পরিদর্শনের সময় |
| আভ্যন্তরীন অডিট | ইসিআর | কর্মস্থলের সার্বিক পরিবেশ বজায় থাকছে কিনা তা অডিট করা হয়। | দ্বি-মাসিক |

## ৩.২ যোগাযোগের রুটিন (Communication Routine)

| বিষয় | পরিচালনাকারী প্রতিনিধি | পরিচালনা পদ্ধতি | কখন |
|---|---|---|---|
| উর্দ্ধতন কর্তৃপক্ষ | ইসিআর | সরাসরি যোগাযোগ, ই-মেইল, মিটিং | সংশ্লিষ্ট কাজে যেকোন সময় |
| কার্য-প্রনালী কমিটি | ইসিআর | দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন হচ্ছে কিনা তা মনিটরিং | প্রয়োজন অনুসারে |
| জি.এম (প্রডাকশন)/এডমিন | ইসিআর/কমপ্লায়েন্স অফিসার | সরাসরি যোগাযোগ | অসামঞ্জস্য পরিলক্ষিত হলে |

## ৩.৩ তথ্য সংগ্রহ ও নিয়ন্ত্রন (Feedback & Control Routine)

| বিষয় | পরিচালনাকারী প্রতিনিধি | কখন | কিভাবে/কাকে |
|---|---|---|---|
| আভ্যন্তরিন অডিট | ইসিআর অফিসার | দ্বি-মাসিক | চেকলিষ্ট ও প্রশ্নোত্তরের মাধ্যমে |
| রিপোর্ট প্রদান | কম্প্লায়েন্স/ ইসিআর অফিসার | ৩ দিনের মধ্যে | সহ মহাব্যবস্থাপক (এডমিন, এইচ.আর এন্ড কমপ্লায়েন্স) |
| কার্যকরী উদ্যোগ | ম্যানেজার (এইচ.আর এন্ড কমপ্লায়েন্স) | উপযুক্ত সময় সাপেক্ষ্যে | সংশ্লিষ্ট কাজে দায়িত্বশীল ব্যক্তিদের মাধ্যমে |
| সংশোধনমূলক ব্যবস্থা | কম্প্লায়েন্স / ওয়েলফেয়ার অফিসার | মাসিক | চেকলিষ্ট/অডিটের মাধ্যমে |

## ৪. যোগাযোগ ও বাস্তবায়ন রুটিন (Communication & Implementation Routine)

উপরে উল্ল্যেখিত ৩.২ (যোগাযোগের রুটিন) ও ৩.১ (কাজের রুটিন) অনুসারে বাস্তবায়িত হয়।

## ৫. তথ্য সংগ্রহ ও নিয়ন্ত্রন (Feedback & Control)

উপরে উল্ল্যেখিত ৩.৩ (তথ্য সংগ্রহ ও নিয়ন্ত্রন) অনুসারে বাস্তবায়িত হয়

## ৬. চলমান উন্নয়ন ( Continual Improvement)

রাসেল গার্মেন্টস পানি, শক্তি, কেমিক্যাল এর অপচয় কমিয়ে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে, কারখানায় উৎপন্ন বর্জ্যের পরিমাণ কমানো এবং পরিবেশগত উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহন করেছে।

## পরিবেশ নীতিমালা

**প্রস্তুত কারী**
**ই সি আর**

**অনুমোদন কারী**
**পরিচালক**
**ওসমান গ্রুপ**

**শক্তির ব্যবহারঃ**

শক্তির অপচয় কমিয়ে দক্ষ উপায়ে শক্তি ব্যবহারের লক্ষ্যে ৭ বছরের দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহন করা হয়েছে। এর মধ্যে উখেযোগ্য হলো- শক্তির উৎস হিসেবে পুনঃনবায়ন যোগ্য শক্তি ব্যবহার, সুইং মেশিনের বেশী বিদ্যুৎ ক্ষয়কারী মোটর, বৈদ্যুতিক বাল্ব পরিবর্তন ইত্যাদি।

**পানিঃ**

পানির অপচয় রোধ করে যথাযথ ব্যবহার নিশ্চিত করতে বৃষ্টির পানি সংরক্ষন করে ব্যবহার এর পরিকল্পনা গ্রহন করা হয়েছে।

**বর্জ্য ব্যবস্থাপনাঃ**

কারখানায় উৎপন্ন বর্জ্য সঠিক ব্যবস্থাপনার লক্ষ্যে একটি সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা নীতিমালা প্রনয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছে। এছাড়া কারখানায় উৎপন্ন ঝুটের ১০০% পুনর্ব্যবহারের উদ্দেশ্যে ৫ বছর মেয়াদী পরিকল্পনা গ্রহন করা হয়েছে।

**শব্দঃ**

যে সকল স্থানে উচ্চমাত্রার শব্দ সৃষ্টি হয় সেখানে কর্মরতদের ইয়ার প্লাগ সরবরাহ করা হয়।